গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৫১.০৭.০৪৪.২০. তারিখ : .০৬.২০২১ খ্রি:।

**বিষয় : পুষ্টিচাল মিশ্রণ ও পরিবহন কার্যক্রমে সাবক্যারিং (Sub-Carrying) বাবদ অতিরিক্ত খরচের প্রত্যয়ন সংক্রান্ত।**

সূত্র: ১। সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগের ১৯/০১/২০২১ খ্রি. তারিখের ৩৬ নম্বর স্মারক।
২।সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগের ১৩/০১/২০২১ খ্রি. তারিখের ২২(৬২৭) নম্বর স্মারক।
৩।সরবরাহ বণ্টন ও বিপণন বিভাগের ০৫/০৪/২০২১ খ্রি. তারিখের ২৪৪(২৬২) নম্বর স্মারক।
৪।সরবরাহ বণ্টন ও বিপণন বিভাগের ০২/০৬/২০২১ খ্রি. তারিখের ৩৩২(৮) নম্বর স্মারক।
৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনার ১৪/০৬/২০২১ খ্রি. তারিখের ২২৫৭ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ ১ নম্বর স্মারকে সরকারি ব্যয়ে ভিজিডি ও খাদ্যবান্ধব কর্মসূচিতে পুষ্টিচাল মিশ্রণ ও পরিবহন কার্যক্রম সম্পাদনের জন্য মিশ্রণ মিল নির্বাচনের লক্ষ্যে মোট ৩২০ টি উপজেলার (ভিজিডি ও খাদ্যবান্ধব কর্মসূচি মিলে) বিপরীতে উন্মুক্ত দরপত্র আহ্বান করা হয়।-+ সূত্রস্থ ২ নম্বর স্মারকে এলএসডি হতে মিশ্রণ মিল, মিশ্রণ মিল হতে ডিলার পয়েন্ট ইউনিয়ন পরিষদ চত্বর পর্যন্ত দূরত্ব নির্ধারণপূর্বক দূরত্ব বিষয়ক প্রত্যয়নপত্র প্রদানের জন্য কমিটি গঠন করা হয় (কপি সংযুক্ত)। পরবর্তীতে দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক মোট (১২২+১৪০)=২৬২ টি উপজেলার (খাদ্যবান্ধব ও ভিজিডি কর্মসূচি মিলে) বিপরীতে মিশ্রণ মিলারের অনুকূলে চুক্তি সম্পাদন নোটিশ (NOA) ইস্যু করার এবং (২৮+৩০)=৫৮ টি উপজেলার (খাদ্যবান্ধব ও ভিজিডি কর্মসূচি মিলে) বিপরীতে পুন:দরপত্র আহ্বানের সুপারিশ করা হয়। সে প্রেক্ষিতে সূত্রস্থ ৩ নং স্মারকে ২৬২ টি উপজেলার (খাদ্যবান্ধব ও ভিজিডি মিলে) বিপরীতে সকল কৃতকার্য দরদাতার (মিলার) অনুকূলে চুক্তি সম্পাদন নোটিশ (NOA) ইস্যু করা হয়। কিন্তু সূত্রস্থ ৪ নম্বর স্মারকের প্রেক্ষিতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ কর্তৃক প্রেরিত তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, ১১ টি উপজেলার বিপরীতে মোট ০৫ জন মিলার চুক্তি সম্পাদন নোটিশ (NOA) গ্রহণ করা সত্ত্বেও যথাসময়ে চুক্তিপত্র সম্পাদন করেন নি এবং সূত্রস্থ ৫ নম্বর স্মারকে প্রেরিত তদন্ত প্রতিবেদন মোতাবেক খুলনা জেলার দিঘলিয়া উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচিতে পুষ্টিচাল বিতরণের জন্য নির্বাচিত মিশ্রণ মিলার কর্তৃক অনিয়মের আশ্রয় গ্রহণের বিষয় প্রমাণিত হয় । যার ফলে মোট (৫৮+১১+১)= ৭০ টি উপজেলার (খাদ্যবান্ধব ও ভিজিডি কর্মসূচি মিলে) বিপরীতে পুন:দরপত্র আহ্বান করার প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, পুন: দরপত্র প্রক্রিয়া ফলপ্রসু করার নিমিত্ত আহতব্য দরপত্রের সাথে সংশ্লিষ্ট উপজেলাসমূহে সাবক্যারিং (Sub-Carrying) যেমন-ভ্যানগাড়ি, ঠেলাগাড়ি, কুলির ব্যবহার ইত্যাদি বাবদ অতিরিক্ত খরচের বিবরণ (যদি থাকে) দূরত্ব বিষয়ক কমিটি কর্তৃক প্রত্যয়ন করার জন্য সংশ্লিষ্ট কমিটিকে অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক, খাদ্য এর অনুমোদন রয়েছে।

সংযুক্তঃ বর্ণনামতে ০১ (এক) পাতা।

স্বা:/-
মোঃ আনিসুজ্জামান
পরিচালক
ফোন নং- ৪১০৫০০৯১
dsdm@dgfood.gov.bd

বিতরণ :
১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ..........................(সকল)।
২। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ..........................(সকল)।
৩। আঞ্চলিক রক্ষণাবেক্ষণ কর্মকর্তা (RMO) ..........................(সকল)।
৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ..........................(সকল)।

Rulos 29106 2021

স্মারক নং- ১৩.০১.০০০০.০৫১.০৭.০৪৪.২০. ৬৭০/৬২৭(৭) তারিখ : ২৭ .০৬.২০২১ খ্রি:।
অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। উপ-পরিচালক (ভিজিডি), মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৭। জনাব মোহাম্মদ মাহবুবুর রহমান, প্রোগ্রাম অফিসার, বিশ্ব খাদ্য কর্মসূচি, ইউএন অফিস, আইডিবি ভবন, ই/৮-এ, রোকেয়া সরণী, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
৮। ইঞ্জি.মো.গুলজার আহম্মেদ, প্রোগ্রাম অফিসার, নিউট্রিশন ইন্টারন্যাশনাল।

১৭/৬/২০২১

উপ-পরিচালক
সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ

১৭/০৬/২০২১

২২৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৫১.৬৮.০৩৫.১১- ২২(৫২৭) তারিখ : ১৩.০১.২০২১খ্রি:।

বিষয়ঃ **সরকারি ব্যয়ে খাদ্যবান্ধব ও ভিজিডি খাতে পুষ্টিচাল বিতরণ কার্যক্রমের জন্য বিতরণ কেন্দ্রের (ইউনিয়ন পরিষদ) ডিলার পয়েন্টের দূরত্ব নির্ধারণের নিমিত্ত কমিটি গঠন।**

সূত্রঃ খাদ্য অধিদপ্তরে ১০.০১.২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সরকারি ব্যয়ে খাদ্যবান্ধব ও ভিজিডি কর্মসূচিতে পুষ্টিচাল বিতরণের জন্য নির্বাচিত মিশ্রণ মিলসমূহের এলএসডি হতে মিশ্রণ মিল, মিশ্রণ মিল হতে ডিলার পয়েন্ট এবং ইউনিয়ন পরিষদ চত্বর পর্যন্ত দূরত্ব নির্ধারণপূর্বক দূরত্ব বিষয়ক প্রত্যয়নপত্র প্রদানের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন হলো :

১। সংশ্লিষ্ট জেলার জেলা খাদ্য নিয়ন্ত্রক - সভাপতি।
২। সংশ্লিষ্ট জেলার মহিলা বিষয়ক কর্মকর্তা - সদস্য
৩। সংশ্লিষ্ট জেলার দায়িত্বপ্রাপ্ত আঞ্চলিক রক্ষণাবেক্ষণ কর্মকর্তা (RMO) - সদস্য
৪। সংশ্লিষ্ট উপজেলার উপজেলা খাদ্য নিয়ন্ত্রক - সদস্য-সচিব।

**কমিটির কার্যপরিধি** :

(ক) স্বীকৃত যে কোন পদ্ধতিতে নির্বাচিত মিশ্রণ মিলসমূহের এলএসডি হতে মিশ্রণ মিল এবং মিশ্রণ মিল হতে ডিলার পয়েন্ট ও ইউনিয়ন পরিষদ চত্বর পর্যন্ত দূরত্ব নির্ধারণ;

(খ) সঠিক এবং বস্তুনিষ্ঠ তথ্যসম্বলিত দূরত্ব বিষয়ক প্রত্যয়নপত্র দ্রুততম সময়ে সংশ্লিষ্ট মিশ্রণ মিলার এবং খাদ্য অধিদপ্তর এ প্রেরণ নিশ্চিত করা।

**বি. দ্র. সরকারি স্বার্থে দূরত্ব নির্ণয়ের ক্ষেত্রে গঠিত কমিটিকে অবশ্যই স্বল্পদূরত্বের রাস্তা ও স্বল্পখরচের দূরত্বকেই প্রাধান্য দিতে হবে।**

এমতাবস্থায়, গঠিত কমিটিকে এ সংক্রান্ত বস্তুনিষ্ঠ প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট মিশ্রণ মিলারকে প্রদানের পাশাপাশি সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগে ডাকযোগে ও ই-মেইলে dsdm@dgfood.gov.bd আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

১৩/০১/২০২১
(শেখ মুজিবর রহমান)
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

বিতরণ :
১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ..........................(সকল)।
২। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ..........................(সকল)।
৩। আঞ্চলিক রক্ষণাবেক্ষণ কর্মকর্তা (RMO) ..........................(সকল)।
৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ..........................(সকল)।

স্মারক নং- ১৩.০১.০০০০.০৫১.৬৮.০৩৫.১১- তারিখ : ১৩.০১.২০২১খ্রি:।

অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। জনাব মো: আতাউর রহমান, সিনিয়র কনসালট্যান্ট, বিশ্ব খাদ্য কর্মসূচি।
৬। জনাব শারমিন শাহীন, উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

উপ-পরিচালক
সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।